

যুগান্তর

ঢাকা কলেজের ছাত্রকে মারধর, ২ বাস আটক

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ০৬ জুন ২০২৩, ২০:৩৪:২৭ | [অনলাইন সংস্করণ](#)



হাফ ভাড়া নিয়ে তর্কের জেরে ঢাকা কলেজের এক শিক্ষার্থীকে মারধরের অভিযোগ উঠেছে মালঞ্চ পরিবহণের বিরুদ্ধে। এ ঘটনায় পরিবহণটির দুটি বাস আটক রেখেছিল শিক্ষার্থীরা। মঙ্গলবার দুপুর সাড়ে ১২টার দিকে এ ঘটনা ঘটে।

মারধরের শিকার শিক্ষার্থীর নাম সজীব আহমেদ জয়। তিনি ঢাকা কলেজের সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী। আটক বাস দুটি হলো— মালঞ্চ পরিবহনের ঢাকা মেট্রো-ব ১৫-৫৭৪৫ ও ঢাকা মেট্রো-ব ১৫-৬৭১০ নম্বরের গাড়ি।

ভুক্তভোগী শিক্ষার্থী বলেন, আমি সায়েন্সল্যাব থেকে ধানমন্ডি শংকরে হাসপাতালে যাওয়ার উদ্দেশ্যে গাড়িতে উঠি। তখন বাস স্টপেজে টিটিকে হাত উঠিয়ে শিক্ষার্থী পাশ কাটাই। কিন্তু পরবর্তীতে ভাড়া নেওয়ার সময় বাসের হেলপার আমার কাছে পূর্ণ ভাড়া দাবি করে। শিক্ষার্থী পাশ কাটা হয়েছে বিষয়টি তাকে জানানোর পরও অযথা তর্ক করতে থাকে। একপর্যায়ে

শিক্ষার্থী হিসেবে পরিচয় দিয়ে হাফ পাশ করার পরও এমন ঘটনা কোনোভাবেই মেনে নেওয়ার মতো নয়। অভিযুক্ত বাসটির নম্বর ঢাকা মেট্রো ব-৫২-৭২২৬। আমি হেলপারসহ অভিযুক্তদের বিচার দাবি করছি।

এ বিষয়ে ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক ইউসুফ বলেন, আটকে রাখা বাসটি অনেক আগেই শিক্ষকদের মধ্যস্থতায় ছেড়ে দেওয়া হয়েছে। বিষয়টি সংশ্লিষ্ট থানার আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা দেখভাল করছেন। থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ ফাঁড়ির ইনচার্জ এসেছিলেন। তারা বিষয়টি দেখছেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023